



## জাতিসংঘে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের প্রস্তুতি

নিজস্ব বার্তা পরিবেশক : ভাষা আন্দোলনের ৫০ বছরপূর্তি উপলক্ষে নিউইয়র্কস্থ জাতিসংঘের সদর দপ্তরের সামনে শহীদ মিনার স্থাপন করে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের সর্বস্ব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ২০শে ফেব্রুয়ারি রাত ১২টা ১ মিনিটের অনুষ্ঠানে নিউইয়র্কের সিনেটর ও সাবেক ফার্স্ট লেডি হিলারি ক্লিনটন, নিউইয়র্ক সিটি কর্তৃপক্ষের জাতিসংঘের বাংলাদেশ মিশনের স্থায়ী জাতিসংঘ : পৃঃ ২ কঃ ৭

### জাতিসংঘে : প্রস্তুতি (১ম পৃষ্ঠার পর)

প্রতিনিধি ও বাংলাদেশের রাষ্ট্রদূতসহ প্রবাসী বাংলাদেশীদের সামাজিক, সাংস্কৃতিক, ক্রীড়া ও আঞ্চলিক সংগঠনের শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে দিবসটি পালন করা হবে বলে আয়োজকরা জানিয়েছেন। ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন ও বাংলা একাডেমীর একুশের বইমেলায় ধারণাকে সামনে রেখে ৯২ সাল থেকে বাঙালির চেতনা মঞ্চ ও মুক্তধারা নিউইয়র্কে এ অনুষ্ঠান করে আসছে। এবারের অনুষ্ঠানে রাত ১০টা থেকে ভাষা আন্দোলনের মাইড প্রদর্শনীসহ একুশের ৫০ বছরের ইতিহাস তুলে ধরা ছড়াও ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে নিহতদের স্মরণে শ্রদ্ধা জানানো হবে। নিউইয়র্কে এ অনুষ্ঠানের ১১ বছর পূর্তিতে বাংলাদেশ থেকে বিশিষ্ট লেখক ও বিজ্ঞানী ড. ওয়াজেদ মিয়া এবং পশ্চিম বাংলার প্রখ্যাত লেখক শঙ্কর যোগদান করবেন। এবার বইমেলা অনুষ্ঠিত হবে ৩০ ও ৩১শে মার্চ। এবারের বইমেলায় বাংলাদেশ থেকে আগামী প্রকাশনী, সময় প্রকাশন, শিবা প্রকাশনী, ঢাকা প্রকাশন ও অনন্যাসহ বেশ কয়েকটি প্রকাশনা সংস্থা অংশগ্রহণ করবে। নিউইয়র্কের এ বইমেলা উপলক্ষে আগামী প্রকাশনী তিনটি গ্রন্থ প্রকাশ করেছে। এ তিনটি গ্রন্থের পরিবেশনায় রয়েছে মুক্তধারা নিউইয়র্ক।